30 SEP 1988

দৈনিক বাংলা

038

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# প্রশ্নপত্র ফাঁসঃ ঢাকা ভার্সিটিতে ইংরেজী অনার্স পরীক্ষা হয়নি

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

প্রশ্নপত্র ফাঁস হওয়ায় গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী অনার্স ফাইন্যাল পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

গতকাল সকাল দশটায় কলাভবন পরীক্ষা কেন্দ্রে ৩য় বর্ষ সম্মান ইংরেজী ৩০১ নম্বর কোর্সের এ পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, উপরোক্ত পরীক্ষা ২রা নবেম্বর অনুষ্ঠিত হবে।

বিভিন্ন সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের অনার্স পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনার নিন্দা করেছে। এসব বিবৃতিতে প্রশ্নপত্র ফাঁসের ঘটনার জন্য ইংরেজী বিভাগের চেয়ারম্যানকে দায়ী করা হয় এবং তার বিরুদ্ধে

(৩ এর পৃঃ দ্রঃ)

## প্রশ্নপত্র ফাঁস

(প্রথম পৃঃ পর)

দুর্নীতি ও স্বজনপ্রীতির অভিযোগ আনা হয়।

ছাত্রলীগ (হা-অ) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি গোলাম মোস্তফা সুজন ও সাধারণ সম্পাদক কামরুজ্জামান আনসারী এক বিবৃতিতে প্রশ্নপত্র ফাঁসের ঘটনার জন্য ইংরেজী বিভাগের চেয়ারম্যানকে দায়ী করেছেন। বিবৃতিতে এ ঘটনার প্রশাসনিক তদন্ত এবং ইংরেজী বিভাগের চেয়ারম্যানের পদত্যাগ দাবী করা হয়।

এছাড়া ফজলুল হক হল ছাত্র সংসদের ভিপি হাবিবুল ইসলাম হাবিব, জহুরুল হক হল ছাত্র সংসদের ভিপি শহীদুল ইসলাম চুন্নু, এ এফ রহমান হল ছাত্র সংসদের জিএস ওয়াহিদুজ্জামান মনি, কবি জসীমউদ্দিন হল ছাত্র সংসদের ভিপি মনির হোসেন, জিয়াউর রহমান হল ছাত্র সংসদের ভিপি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি এবং সূর্যসেন হল ছাত্র সংসদের ভিপি আফজাল হোসেন গতকাল পৃথক পৃথক বিবৃতিতে প্রশ্নপত্র ফাঁসের ঘটনার নিন্দা করেছেন এবং এর জন্য ইংরেজী বিভাগের চেয়ারম্যানকে দায়ী করেছেন।

### চেয়ারম্যানের বক্তব্য

প্রশ্নপত্র ফাঁসের ঘটনার ব্যাপারে গতকাল রাতে ইংরেজী বিভাগের চেয়ারম্যানের সাথে যোগাযোগ করা হলে তিনি এ ঘটনায় জড়িত থাকার অভিযোগ অস্বীকার করেন। তিনি জানান, পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ আলাদা 'পরীক্ষা কমিটির' মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। এ ব্যাপারে চেয়ারম্যানের কোন দায়িত্ব নেই।

তিনি তাঁর বিরুদ্ধে আনীত দুর্নীতি ও স্বজনপ্রীতির অভিযোগ প্রমাণ করার আহবান জানান।